## ৩১

রেলগাড়ীর সঙ্গে আপনার বেশ মিল আছে ।
এঞ্জিনের সঙ্গে অনেকগুলো বগি বাঁধা,
বগিগুলো নোংরা আবর্জনাময়- আপনারও ।
রেলগাড়ী যখন পাশ দিয়ে দ্রুতলয়ে চলে যায়,
তার হুইসেল আর ঝমাঝম শব্দ
আমার হৃদপিণ্ডে কাঁপন দিয়ে যায়, আপনিও ।
তার সামনে থাকে হেডলাইটের
তীব্র আলোর ঝলকানি আর
পেছনে থাকে আপাতঃ নিরীহ
লাল আলোর রক্তচোখ, আপনারও ।
আপনার গমনপথ একমুখী-
যাওয়ার পথ জানে- ফেরার নয়,
আপনার ফেরার পথ বড়ো রহস্যময় ।
সিগনাল নামলেই রেলগাড়ী আসেনা,
হয়তো কোনো দুষ্টলোক ফিশপ্লেট খোলাতে
লাইনচ্যুত হয়েছে ট্রেন, আপনিও ।
গাড়ীর জন্যে প্লাটফর্মে প্রতীক্ষার চেয়ারে
বসে থাকতে হয় অনন্তকাল- সে আসেনা ।
আপনার জন্যে একই প্রতীক্ষা আমার ।

তাহলে কি আপনাকে আজ থেকে
রেলগাড়ী নামে ডাকবো?